

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
নিয়োগ ও প্রশিক্ষণ শাখা
www.mofa.gov.bd

বিজ্ঞপ্তি

নং-১৯.০০.০০০০.১১৪.০৬.০০৩.২০(৩৭৭)/ ৭০৯

তারিখ: ০৭ নভেম্বর ২০২৪


বিষয়: 'আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০২৪' ও 'জাতীয় প্রবাসী দিবস ২০২৪' উদযাপন উপলক্ষ্যে প্রকাশিতব্য স্মরণিকার জন্য লেখা ও ছবি আহ্বান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আয়োজনে 'আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০২৪' ও 'জাতীয় প্রবাসী দিবস- ২০২৪' আগামী ১৮ ডিসেম্বর ২০২৪ তারিখে যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হবে। এ উপলক্ষ্যে সংশ্লিষ্ট দেশ ও বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে প্রবাসীদের অবদান, বৈশ্বিক চ্যালেঞ্জ ও প্রবাসী বাংলাদেশি, প্রবাসীদের কল্যাণে সরকারের গৃহীত কার্যক্রম ও ভবিষ্যতে করণীয়, বাংলাদেশের অর্থনীতিতে প্রবাসীদের রেমিট্যান্সের গুরুত্ব, নিরাপদ অভিবাসন, অভিবাসনে সুশাসন, অভিবাসনে বাংলাদেশের অর্জন, Reintegration, প্রবাসীদের সফলতার গল্প প্রভৃতি thematic area সহ প্রবাসী কল্যাণ সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ বিষয়ে একটি স্মরণিকা প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

০২। উল্লেখ্য যে, আগামী ১৪ নভেম্বর ২০২৪ তারিখের মধ্যে লেখা (সর্বোচ্চ ১২০০ শব্দের মধ্যে বাংলার ক্ষেত্রে Nikosh, ইংরেজির ক্ষেত্রে Times New Roman ও ফন্ট সাইজ ১২) ও ছবি'র সফট কপি (ছবির মান ৫০০০-৩০০০ পিক্সেল ও ৫ এমবি) ই-মেইলে: [@probashi.gov.bd/ sasemployment2@probashi.gov.bd](mailto:shahidchy22@gmail.com/dsemployment1) ও হার্ড কপি, যুগ্মসচিব, কর্মসংস্থান অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হয়।

০৩। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় হতে প্রাপ্ত এ সংক্রান্ত পত্র সদয় অবগতির জন্য এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

 ০৬. ১১. ২৪
(মারজান বেগম)

সিনিয়র সহকারী সচিব (নিয়োগ ও প্রশিক্ষণ)

ফোন: ০২২২৩৩৫০৯০৪

ই-মেইল: as.randt@mofa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সকল কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
- ০২। বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ (অনারারি কনস্যুলেট ব্যতীত);
- ০৩। সংশ্লিষ্ট নথি।